# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ০৫/২০২০ তারিখঃ ০১/০৩/২০২০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্ম পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ প্রদানের নীতিমালা ও নিয়মাচার প্রসংগে।

বাংলাদেশের কৃষি খাতের উন্নয়ন তথা গ্রামীণ জনগোষ্ঠীর ভাগ্যোন্নয়নের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) প্রতিষ্ঠা করেন। ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন এবং বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে এতদ্‌ সংক্রান্ত কর্ম পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ প্রদানের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক কৃষিজ পন্যের উৎপাদন বৃদ্ধি, দেশের খাদ্যে স্বয়ংসম্পূর্নতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষকদের মধ্যে ব্যাপক কৃষি ঋণ বিতরণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গঠনে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। এছাড়াও দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কৃষি ভিত্তিক ও দারিদ্র্য বিমোচন কর্মসূচীর আওতায় বিভিন্ন সেক্টরে ঋণ বিতরণ করে আসছে। পরিচালনা পর্ষদের ১৫/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ৭৫৪ তম সভায় উক্ত কর্মসূচির আওতায় ঋণ কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা ও নিয়মাচার অনুমোদন করা হয়েছে।

০১.০১। ঋণের উদ্দেশ্যঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দারিদ্রমুক্ত ও ক্ষুধামুক্ত সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখেছেন। তাঁর এ স্বপ্ন বাস্তবায়ণের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণের মাধ্যমে দেশের বিপুল সংখ্যক জনগনকে কর্মসূচিতে সম্পৃক্ত করে অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনার মাধ্যমে ঋণ গ্রহীতা/উদ্যোক্তাদের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি ও ব্যাংকের ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ।

০১.০২। ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

বর্তমানে প্রচলিত ব্যাংকের ঋণ ম্যানুয়েলের ২.০১ নং অনুচ্ছেদে বর্ণিত কৃষক/ব্যক্তিবর্গ ঋণ প্রাপ্তির যোগ্য। যে সকল গ্রামবাসী/চাষীদের নিজস্ব বাস্তুভিটা আছে এবং আবাদযোগ্য জমির পরিমাণ শূন্য থেকে ১.৫০ একরের কম এবং যাদের বার্ষিক আয় শূন্য থেকে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পর্যন্ত তারা এ কর্মসূচীর আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য হবেন। অতি দরিদ্র জনগোষ্ঠী যাদের জামানত প্রদান করার সক্ষমতা নেই এমন ব্যক্তিবর্গ অগ্রাধিকার পাবে। এছাড়া, সুবিধাভোগী ঋণ গ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে নারী ও প্রান্তিক জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে। মহিলা ঋণ গ্রহিতাদের ক্ষেত্রে নিজের/স্বামীর নিজস্ব বাস্তুভিটা থাকতে হবে। এছাড়া, ঋণ গ্রহীতাকে সংশ্লিষ্ট শাখার সঞ্চয়ী হিসাবধারী হতে হবে।

তবে, ইতিপূর্বে যারা বিকেবি হতে ঋণ গ্রহন করেছেন তাদের এ ঋণ প্রাপ্যতার জন্য বিবেচনা করা যাবে না।

০১.০৩। ঋণের নর্মস ও নিয়মাচারঃ

দেশের আইন অনুযায়ী ও ব্যাংকের নিকট গ্রহণযোগ্য যে কোন আয় উৎসারি খাতে ঋণ প্রদান করা যাবে। এ কর্মসূচির আওতায় জনপ্রতি ২০,০০০ (বিশ হাজার) টাকা হতে সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ মঞ্জুরি ও বিতরণযোগ্য। যিনি যে খাতে ঋণ গ্রহণ করবেন তার সে সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা ও জ্ঞান থাকতে হবে।

০১.০৪। ঋণের প্রকৃতি ও মেয়াদকাল ঃ

স্বল্প মেয়াদী বা ১ বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য এবং চলতি মূলধন আকারে বিতরণযোগ্য।

০১.০৫। ঋণ বিতরণ পদ্ধতিঃ

স্বল্প মেয়াদী বা ০১(এক) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য আবর্তণশীল ঋণ (Revolving Credit) হিসেবে বিতরণযোগ্য। এই ঋণ প্রথম বিতরণের তারিখ থেকে একবছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য হবে। মঞ্জুরিকৃত ঋণ ক্রেডিট ভাউচারের মাধ্যমে প্রদত্ত নিয়মাচার ও সময়সূচি অনুয়ায়ী বিতরণ করতে হবে। চলতি মূলধন ঋণের ন্যায় ঋণ কেইস রিসিভ রেজিষ্টারে প্রদত্ত নম্বর অনুযায়ী নির্ধারিত ঋণ হিসাবে চেক/জমা রশিদের মাধ্যমে লিমিট ও মেয়াদের মধ্যে বছরব্যাপি স্বাভাবিক লেনদেন করা যাবে। তবে, চক্রায়নের কোন বাধ্যবাধকতা থাকবে না। সুদ পরিশোধ করে মেয়াদান্তে (এক বছরে) নবায়নযোগ্য।

চলমান পাতা-০২

০১.০৬। ঋণ পরিশোধ পদ্ধতি / আদায়ঃ

চলতি মূলধন ঋণের আদলে লেনদেন পরিচালনাযোগ্য ও নবায়নযোগ্য। তবে, এ ক্ষেত্রে বাৎসরিক ভিত্তিতে সুদারোপ করতে হবে। হিসাব বন্ধ করার ক্ষেত্রে সুদ ও আসলের সমুদয় পাওনা পরিশোধ করতে হবে। চেক/জমা স্লিপ ছাড়াও ক্রেডিট/ডেবিট ভাউচারের মাধ্যমে টাকা জমা/উত্তোলন করা যাবে।

০১.০৭। ঋণ নবায়নঃ

মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ১৫ (পনের) দিন পূর্বে নবায়নের জন্য ২ প্রস্থে আবেদন করতে হবে - যার এক কপি নবায়ন মঞ্জুরি পত্র হিসাবে ঋণ গ্রহীতাকে সরবরাহ করতে হবে। সমুদয় সুদ আদায় করে পরবর্তীতে এক বছরের জন্য নবায়ন করা যাবে এবং নবায়নকৃত ঋণ একই ফলিওতে চলমান রাখা যাবে। এক্ষেত্রে নবায়নের তারিখ ও পরবর্তী মেয়াদ পূর্তির তারিখ লাল কালিতে সংশ্লিষ্ট লেজার ফলিওতে লিপিবদ্ধ রাখতে হবে। কম্পিউটারইজড্ শাখাসমূহে সংশ্লিষ্ট কম্পিউটার কোড ব্যবহার করতে হবে। তবে, বাজেট নির্ধারিত থাকায় এ কর্মসূচির আওতায় বর্ধিতসহ ঋণ নবায়ন মঞ্জুরির সুযোগ থাকবে না।

০১.০৮। মঞ্জুরি ক্ষমতাঃ

গ্রেড নির্বিশেষে শাখা ব্যবস্থাপক এ ঋণ মঞ্জুর করতে পারবেন। শাখাসমূহ স্ব স্ব অধিক্ষেত্রের সকল এলাকায় ঋণ বিতরণ করতে পারবে ।

০১.০৯। ঋণের আবেদন ফরমঃ

সংযুক্তি ০১ মোতাবেক। বিনামূল্যে বিতরণযোগ্য। ২(দুই) প্রস্থে আবেদন করতে হবে - যার এক কপি নবায়ন মঞ্জুরিপত্র হিসাবে ঋণ গ্রহীতাকে সরবরাহ করতে হবে। এ ঋণ মঞ্জুরি/নবায়ন মঞ্জুরির জন্য কোন প্রক্রিয়াকরণ ফি এর প্রয়োজন হবে না।

০১.১০। ঋণের খাতঃ

১০১/৩১ স্বল্প মেয়াদি খাতে যথারীতি হিসাবভুক্ত করতে হবে। তবে ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে পড়লে ব্যাংকের বিদ্যমান নিয়মে মেয়াদোত্তীর্ণ হিসাবের ১০৭/৩১ খাতে পরিবর্তিত হবে। এক্ষেত্রে প্রভিশনের উপ-খাত ১৩১/১৬১ ও মেয়াদোত্তীর্ণ প্রভিশনের উপ-খাত ১৩১/১৬২ হবে। ঋণের ধার্যকৃত সুদ ৪৬/১১৫ আয় উপ-খাতভুক্ত এবং মেয়াদোত্তীর্ণ ঋণের ধার্যকৃত সুদ ৪৬/১১৬ আয় উপ-খাতভুক্ত হবে। কম্পিউটারইজড্ শাখা সমূহে সংশ্লিষ্ট কম্পিউটার কোড ব্যবহার করতে হবে।

০১.১১। সুদের হারঃ

সুদের হার ৭%, যা বার্ষিক ভিত্তিতে আরোপযোগ্য। তবে সময়ে সময়ে ব্যাংকের সুদের হার পরিবর্তন হলে এ হার পরিবর্তনযোগ্য।

০১.১২। ঋণের জামানতঃ

কর্মসূচীর আওতায় প্রদত্ত ঋণ জামানত বিহীন হবে।

০১.১৩। দলিলায়নঃ

(ক) ঋণ গ্রহীতার ব্যক্তিগত গ্যারান্টিসহ জামিনদাতার নিশ্চয়তা পত্র ; মহিলা ঋণ গ্রহীতার ক্ষেত্রে স্বামীর ব্যক্তিগত গ্যারান্টি;
(খ) ডিপি নোট (প্রযোজ্য হারে রেভিনিউ স্ট্যাম্পসহ)
(গ) লেটার অব কন্টিনিউটি
(ঘ) রিভাইবাল লেটার
(ঙ) হাইপোথিকেশন অব গুডস্ (সংযুক্তি-২)

০১.১৪। তত্ত্বাবধান ও পরিধারণ ঃ

শাখার মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে ঋণের ব্যবহার, ঋণ হিসাব পরিচালনা, যথাসময়ে আদায় নিশ্চিতকরণসহ, তত্ত্বাবধান ও পরিধারণ কার্যক্রম পরিচালনা করবেন। এ ঋণ কর্মসূচি একটি নিবিড় তদারকি ঋণদান কর্মসূচি। এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি, লক্ষ্যমাত্রা অর্জন এবং সম্ভাবনাময় এ খাতে কৃষি ব্যাংকের ভূমিকা জোরদার করার লক্ষ্যে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে এ ধরনের ঋণ সময় সময় পরিদর্শন করে শাখা ও গ্রাহকদেরকে উদ্বুদ্ধ করতে হবে। এ ছাড়া নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ

(ক) মঞ্জুরি ক্ষমতা ও ঋণের অপব্যবহার রোধকল্পে উক্ত খাতে বিতরণকৃত ঋণের টাকা যথাযথ খাতে ব্যবহৃত হয়েছে মর্মে মাঠ কর্মকর্তা/কর্মচারি ও শাখা ব্যবস্থাপকের যৌথ প্রত্যায়িত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ঋণ নথিতে আবশ্যিকভাবে সংরক্ষণকরণ ও শাখা নিরীক্ষাকালে নিরীক্ষাদল কর্তৃক তা যাচাইযোগ্য হবে;

চলমান পাতা-০৩

(খ) জামানত বিহীন ঋণ সমূহ সুপারভাইজড্ ক্রেডিট হিসাবে বিবেচনায় শাখা কর্তৃক মাসিক ভিত্তিতে, মুখ্য আঞ্চলিক কার্যালয় কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ও বিভাগীয় কার্যালয় হতে ষান্মাসিক ভিত্তিতে প্রদত্ত ঋণ সমূহের সামগ্রিক তথ্য সংগ্রহ, পর্যালোচনা ও পরিধারণ নিশ্চিত করতে হবে ।

০১.১৫। পরিদর্শন ও যাচাই ঃ
নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শাখা পরিদর্শন কালে এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণ সমূহের মঞ্জুরি ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন। তাছাড়া ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষাকালে ঋণের সদ্ব্যবহার যাচাই করতে হবে।

০১.১৬। প্রতিবেদন প্রেরণ ঃ
ব্যাংক শাখাসমূহ এ খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি সংরক্ষণ করবে। এ কর্মসূচির আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের শাখা/অঞ্চলওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে *নিম্নোক্ত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।*

(লক্ষ টাকায়)

| শাখার | ঋণ বিতরণ | | আদায়যোগ্য ঋণ | | আদায়কৃত ঋণ | | মেয়াদোত্তীর্ণ ঋণ | | অনাদায়ী ঋণস্থিতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নাম/অঞ্চল | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

০২। উপরে বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্ম পরিকল্পনার অংশ হিসেবে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা ঋণ বিতরণ কার্যক্রম সফলভাবে পরিচালনা রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

০১/০৩/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ঋঃঅঃ-১/৩(৭)/২০১৯-২০২০/ ৯৪১(১২৫০) তারিখঃ - ঐ -

*সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ*

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি,প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা, অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, *উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।*
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ ।
০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি / মহানথি।

০১/০৩/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

আবেদন কারীর
সত্যায়িত
ছবি

বাংলাদেশ কৃষি ব্যাংক

... ... ... ... ... ... শাখা

বিনামূল্যে বিতরণের জন্য

দারিদ্র্য বিমোচনে ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা বিশেষ ঋণ প্রদান কর্মসূচির আওতায় ঋণ মঞ্জুরি/ নবায়নের আবেদন পত্র।

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
... ... ... ... ... ... ... ... ... শাখা
অঞ্চল ... ... ... ... ... ... ... ... ... ...

পাশ বই নম্বর ঃ ... ... ... ... ... ... ... ... ...
দরখাস্ত গ্রহণের তারিখ ঃ ... ... ... ... ... ...
লোন কেস নম্বর ঃ ... ... ... ... ... ... ... ...

জনাব

আমি/আমরা বাংলাদেশ কৃষি ব্যাংক, ... ... ... ... ... ... ... ... শাখা থেকে দারিদ্র্য বিমোচনে ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা বিশেষ ঋণ প্রদান কর্মসূচির আওতায় নিম্নোক্ত উদ্দেশ্যে ঋণ গ্রহণে ইচ্ছুক। এ প্রসঙ্গে বিস্তারিত তথ্যাদি নিম্নে পেশ করলাম।

০১। আবেদনকারীর নাম ঃ

০২। পিতার নাম/ স্বামীর নাম ঃ

০৩। মাতার নাম ঃ

০৪। স্থায়ী ঠিকানাঃ গ্রাম ঃ ডাকঘর ঃ
ইউনিয়ন ঃ থানা ঃ জেলা ঃ

০৫। পরিবারের লোক সংখ্যা

০৬। বার্ষিক আয়

০৭। জাতীয় পরিচয় পত্র নং
(কপি সংযুক্ত করতে হবে)

০৮। পেশা ঃ

০৯। মোবাইল নম্বর ঃ

১০। ঋণ গ্রহনের উদ্দেশ্য ঃ

১১। আবেদনকৃত ঋণের পরিমাণ ঃ

১২। মোট জমির পরিমাণ (যদি থাকে) ঃ

১৩। ঋণের মেয়াদ ঃ ০১(এক) বৎসর। পরবর্তীতে উক্ত ঋণ সীমা নবায়নযোগ্য।

১৪। পরিশোধ পদ্ধতি ঃ চলতি মূলধন ঋণের আদলে লেনদেন পরিচালনাযোগ্য ও নবায়নযোগ্য। তবে, এ ক্ষেত্রে বাৎসরিক ভিত্তিতে সুদারোপ হবে। হিসাব বন্ধ করার ক্ষেত্রে সুদ ও আসলের সমুদয় পাওনা পরিশোধযোগ্য হবে।

১৫। নিশ্চয়তা ঃ এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, উপরোক্ত তথ্যাবলী সত্য এবং নির্ভুল। আমি অঙ্গীকার করছি যে অন্য কোন ব্যাংক/সংস্থায় আমার কোন খেলাপি ঋণ নেই। আমি আরো অঙ্গীকার করছি যে প্রার্থীত ঋণ মঞ্জুর হলে ব্যাংক কর্তৃক আরোপিত শর্তাবলি যথাযথ মেনে নেব এবং যথাসময়ে ঋণের টাকা সুদ সমেত পরিশোধ করব। অন্যথায় আমার বিরুদ্ধে আদালতে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য ব্যাংক কর্তৃপক্ষ সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর ঃ
তারিখ

১৬। জামিনদাতার তথ্য ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| জামিনদাতার নাম | | ঃ | | | |
| পিতার নাম/ স্বামীর নাম | | ঃ | | | |
| মাতার নাম | | ঃ | | | |
| এনআইডি নম্বর (কপি সংযুক্ত করতে হবে) | | ঃ | | | |
| স্থায়ী ঠিকানাঃ | গ্রাম | ঃ | ডাকঘর ঃ | | |
| | ইউনিয়ন | ঃ | থানা ঃ | | জেলা ঃ |

নিশ্চয়তা ঃ এই মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, উপরোক্ত তথ্যাবলী সত্য এবং নির্ভুল। আমি অঙ্গীকার করছি যে প্রার্থীত ঋণ মঞ্জুর হলে ব্যাংক কর্তৃক আরোপিত শর্তাবলি যথাযথ মেনে নেব এবং যথাসময়ে ঋণ আবেদনকারী ঋণ পরিশোধ না করলে আমি ঋণের টাকা সুদ সমেত পরিশোধ করব। অন্যথায়, আমার বিরুদ্ধে আদালতে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য ব্যাংক কর্তৃপক্ষ সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

জামিন দাতার স্বাক্ষর ও তারিখ ঃ

১৭। ব্যাংক কর্মকর্তা / সুপারভাইজারের সুপারিশঃ

আবেদনকারী কর্তৃক উপরোক্ত তথ্যাবলি আমি সরেজমিনে পরিদর্শন/দাখিলকৃত তথ্যাদি ও দলিলাদি পর্যালোচনা করে সন্তুষ্ট হয়ে সনদ প্রদান করছি যে, বর্ণিত তথ্যাবলী সত্য ও নির্ভুল। আবেদনকারীকে দারিদ্র্য বিমোচনে ব্যাংকের নিজস্ব উৎস হতে ৩০০.০০ (তিনশত) কোটি টাকা বিশেষ ঋণ প্রদান কর্মসূচির আওতায় -------------------- উদ্দেশ্যে ------------------------------------------- টাকা ঋণ মঞ্জুরির সুপারিশ করছি।

স্বাক্ষর (তারিখসহ) ঃ
নাম ঃ
পদবী ঃ

১৮। মঞ্জুরি কর্তৃপক্ষের আদেশ ঃ (ঋণ মঞ্জুরকারি কর্মকর্তা কর্তৃক পুরনীয়)ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | মঞ্জুরিকৃত মোট ঋণের পরিমাণ | ঃ | |
| (খ) | মঞ্জুরির তারিখ | ঃ | |
| (গ) | জামানত | ঃ | ঋণে সৃষ্ট সম্পদ , ঋণ গ্রহীতা ও জামিন দাতার ব্যক্তিগত গ্যারান্টি। |
| (ঘ) | সুদ/মুনাফার হার | ঃ | বার্ষিক .......% হারে সরল সুদ/মুনাফা প্রযোজ্য হবে। সুদ/মুনাফার হার পরিবর্তনশীল। ব্যাংক কর্তৃক সুদ/মুনাফার হার পরিবর্তন করা হলে পরিবর্তিত সুদ/মুনাফার হার প্রযোজ্য হবে। |
| (ঙ) | ঋণের ধরণ | ঃ | ০১(এক) বৎসর মেয়াদি। পরবর্তীতে উক্ত ঋণ সীমা নবায়নযোগ্য। |
| (চ) | পরিশোধ পদ্ধতি | ঃ | চলতি মূলধন ঋণের আদলে লেনদেন পরিচালনাযোগ্য ও নবায়নযোগ্য। তবে, এ ক্ষেত্রে বাৎসরিক ভিত্তিতে সুদারোপ হবে। হিসাব বন্ধ করার ক্ষেত্রে সুদ ও আসলের সমুদয় পাওনা পরিশোধযোগ্য হবে। |

স্বাক্ষর ঃ
নাম ঃ
ব্যবস্থাপক

১৯। যেহেতু আমাকে/আমাদিগকে ... ... ... ... ... ... ... ব্যাংক হতে ১৮ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলিতে মোট টাকাঃ ... ... ... ... .. (কথায়ঃ......................মাত্র) ... ... ... ... ... উদ্দেশ্যে ঋণ মঞ্জুর করা হয়েছে, সেহেতু আমি/আমরা এতদ্বারা অংগীকার করছি যে, ঋণে সৃষ্ট সম্পদ এবং ভবিষ্যতে এ খাত হতে উৎপাদিত/সৃষ্ট সম্পদ এবং মজুদাদি যা আমার/আমাদের নিজ হেফাজতে বা অন্য কারো হেফাজতে আছে/থাকবে বা অন্য স্থানে নেয়া হয়েছে বা হবে তা উক্ত ঋণের জামানত স্বরূপ গন্য হবে এবং ঋণ পরিশোধ না করা পর্যন্ত ব্যাংকের নিকট দায় বদ্ধ থাকিবে। প্রয়োজনবোধে ব্যাংক উক্ত সম্পদাদি এবং আবেদন পত্রে উল্লেখিত নিজ মালিকানাধীণ জমি বিক্রয় করে ব্যাংকের ঋণ এর পাওনা আসল ও সুদ আদায় করতে পারবে। এতে আমার/আমাদের কোন ওজর আপত্তি থাকবে না, কোন আপত্তি থাকলে তা আইনগতভাবে অগ্রাহ্য হবে। ব্যাংক হতে গৃহীত ঋণ পরিশোধ না করা পর্যন্ত নিজ মালিকানাধীন জমি কারো নিকট দায়বদ্ধ বা কারো নিকট হস্তান্তর করবো না। উপরোক্ত শর্তাবলিতে ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত মোট টাকা ... ... ... ... ... ... ... (কথায়ঃ ... ... ... ... ... ... ... ... ... ... মাত্র) ঋণের জন্য অত্র দলিল স্বেচ্ছায় ও স্বজ্ঞানে সম্পাদন করলাম।

চুক্তি সম্পাদনের তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------------শাখা

বাংলাদেশ কৃষি ব্যাংক

-----------------শাখা

<u>দায়বদ্ধ রাখার অঙ্গীকারনামা</u>।

এ অঙ্গীকারনামা ২০... ... ইং সনের ... ... ... ... ... তারিখে ঋণের আবেদনপত্রে বর্ণিত ঠিকানায় বসবাসকারী আমি ... ... ... ... ... ... ... পিতা/স্বামী ... ... ... ... ... ... ... ... কর্তৃক সম্পাদিত হলো। এ দলিল আমার উত্তরাধিকারীগণ, তত্ত্বাবধায়ককারীগণ, তত্ত্বাবধায়কবৃন্দ অনুমোদিত প্রতিনিধিবৃন্দ ও নির্দিষ্ট ব্যক্তিগণকে অন্তর্ভূক্ত করবে।

যেহেতু ... ... ... ...... ... ব্যাংক আমাকে ... ... ... ... .. কার্যে ব্যবহারের উদ্দেশ্যে ... ... ... ... ... টাকা বার্ষিক শতকরা ... ...% সুদে ঋণ মঞ্জুর করেছে, যতদিন পর্যন্ত উপরোক্ত ঋণের টাকা ও তার সুদ অন্যান্য আনুসঙ্গিক খরচ বা দাবী দাওয়া পরিশোধ না করা হবে ততদিন পর্যন্ত উক্ত ঋণের টাকা দ্বারা যে সমস্ত সম্পত্তি অর্জিত হবে তার মালিকানা অধিকার ব্যাংকের রইল এবং থাকবে। আমি এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করছি ও নিশ্চয়তা প্রদান করছি যে যতদিন পর্যন্ত উক্ত ঋণের টাকা সুদ ও অন্যান্য দাবী দাওয়াসহ সম্পূর্ণ পরিশোধ না হবে ততদিন এ ঋণের অর্জিত সম্পত্তি কারো নিকট হস্তান্তর করব না, করলে আইন অনুযায়ী অগ্রাহ্য হবে, এতদ্বারা ক্রয়কৃত দ্রব্যাদির উপর ব্যাংকের মালিকানা স্বত্ব থাকবে।

আমি ব্যাংকের চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টরের আদেশ, উপদেশ অথবা প্রশাসনিক কর্তৃপক্ষ কিংবা সময়ে সময়ে পরিবর্তিত ব্যাংক সম্যক আইন কানুন সাপেক্ষে ঋণ গ্রহণের যাবতীয় নির্দেশ, চুক্তি ও শর্ত মানতে বাধ্য থাকব।

<u>ঋণ গ্রহীতার স্বাক্ষর ও তারিখ</u>

স্বাক্ষী ঃ

১। নামঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
ঠিকানাঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ...

২। নামঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
ঠিকানাঃ ... ... ... ... ... ... ... ... ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ...
... ... ... ... ... ... ... ... ... ... ...